# প্রাথমিক শিক্ষা সমাপনী
# পরীক্ষা ২০১৪ এর মডেল প্রশ্ন

## বিষয়ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা

**সময়ঃ ২.৩০ ঘন্টা** **পূর্ণমানঃ ১০০**

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখঃ** **১×৪০=৪০**

১) হারুন বিন দোষে ইউসুফকে চড় মারল। ইউসুফ তাকে কিছুই বলল না। এখানে ইউসুফের কোন গুণের পরিচয় পাওয়া গেল?
ক. দানশীলতা খ. ক্ষমাশীলতা গ. সহনশীলতা ঘ. উদারতা

২) মানুষকে নামাজের জন্য ডাকা হয় কীসের মাধ্যমে?
ক. দূত পাঠিয়ে খ. জান্নাতের লোভ দেখিয়ে
গ. আযানের মাধ্যমে ঘ. জাহান্নামের ভয় দেখিয়ে

৩) মোমিন বাড়িতে একাকী এবং সবুর মসজিদে জামায়াতের সাথে নামাজ আদায় করল। সবুর কতগুণ বেশি সওয়াব পাবে?
ক. দুইগুণ খ. তিনগুণ গ. নয়গুণ ঘ. সাতাশগুণ

৪) খলীফা শব্দের অর্থ কী?
ক. শিক্ষক খ. প্রতিনিধি গ. শিক্ষার্থী ঘ. বিচারক

৫) সালমা সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত পানাহার ইত্যাদি থেকে বিরত থাকল। এতে তার কোন ইবাদতটি পালন হলো?
ক. সালাত খ. যাকাত গ. হজ ঘ. সাওম

৬) কোন কাজটি সুন্নত?
ক. কুরবাণী করা খ.আকিকা করা গ. হজ করা ঘ. যাকাত দেওয়া

৭) মরিয়ম তার মাকে অন্যের গাছ থেকে চুরি করে কলা কাটতে নিষেধ করল। এতে তার কোন গুণটি প্রকাশ পেল?
ক. সততা খ. ক্ষমা গ. দেশপ্রেম ঘ. মাতাপিতার খেদমত

৮) কাকে আদমে সানি বা দ্বিতীয় আদম নামে অভিহিত করা হয়?
ক. হযরত লূত (আ) কে খ. হযরত ইব্রাহিম (আ) কে
গ. হযরত মুহম্মদ (স) কে ঘ. হযরত নূহ (আ) কে

৯) দীন ইসলামের সেতু কী?
ক. সাওম খ. যাকাত গ. সালাত ঘ. হজ

১০) আলাহর কাছে কুরবাণীর কী পৌছায়?
ক. গোশত খ. রক্ত গ. চামড়া ঘ. তাকওয়া

১১) ফতেমার একটি ছেলে ও একটি মেয়ে যমজ সন্তান হয়েছে। তার স্বামী কয়টি ছাগল আকিকা করবে?
ক. একটি খ. তিনটি গ. পাঁচটি ঘ. সাতটি

১২) রোকেয়া সালাত আদায়ের নিয়্যত করে কোথায় হাত বাঁধবে?
ক. নাভীর উপর খ. পেটের উপর গ. বুকের উপর ঘ. বুকের নিচে

Copyright Md Shah Jamal

১৩) প্রাকৃতিক পরিবেশ কোনটি?

ক. জানালা   খ. গাছপালা   গ. দালান   ঘ. দরজা

১৪) নাকের গহ্বর থেকে উচ্চারিত হয় গুন্নাহর হরফ কোনটি?

ক. نْ   খ. د   গ. نّ   ঘ. ر

১৫) নবুওয়তের কত সনে মহানবি (স) এর মিরাজ হয়েছিল?

ক. নবম   খ. দশম   গ. একাদশ   ঘ. দ্বাদশ

১৬) সাদেক লন্ডনে বাস করে। লন্ডন কাবা ঘরের দক্ষিণে অবস্থিত। সাদেক কোন দিকে মুখ করে নামাজ আদায় করবে?

ক. উত্তর দিকে   খ. দক্ষিণ দিকে   গ. পূর্বদিকে   ঘ. পশ্চিম দিকে

১৭) সূরা ফীল কোথায় অবতীর্ণ হয়?

ক. কুফায়   খ. মক্কায়   গ. মদিনায়   ঘ. ইয়েমেনে

১৮) যার মধ্যে সততা আছে সে কী ধরণের কাজ করে?

ক. মানুষের বিশ্বাস ভঙ্গ করে   খ.মানুষের মন্দ কাজে উৎসাহ দেয়

গ. সর্বদা নিজের স্বার্থ খোঁজে   ঘ. ন্যায়নীতির প্রতি থাকে

১৯) হযরত দাউদ (আ) কোন বংশে জন্মগ্রহণ করেছিলেন?

ক. বানুপায়েস   খ. বানু তামীম   গ. বানু ইসরাইল   ঘ. বানু গালিব

২০) দোয়া কুনুত কোন সালাতে পড়তে হয়?

ক. তারাবীর সালাতে   খ. বিতর সালাতে

গ. ঈদুল ফিতর সালাতে   ঘ. ঈদুল আযহার সালাতে

২১) কোনটি মানুষের কর্তব্য হওয়া উচিত বলে তুমি মনে কর?

ক. অসদাচরণ করা   খ. অপরাধীদের শাস্তি দেওয়া

গ. ক্রোধ সংবরণ করা   ঘ. মিথ্যা কথা বলা

২২) লোকে সালাত হিসেবে জানে আসলে সালাত নয় দোয়া, সেটি কী?

ক. জুমআর সালাত   খ. জানাযার সালাত

গ. ঈদের সালাত   ঘ. বিতর সালাত

২৩) সুলায়মান এ বছর হজ করার নিয়্যত করেছে। হজ সম্পন্ন হলে তার কয়টি ফরজ কাজ আদায় হবে?

ক. ৩টি   খ. ৫টি   গ. ৭টি   ঘ. ৯টি

২৪) ফুয়াদ একটি গাড়ী খাদ থেকে ঠেলে রাস্তায় তুলে দিতে সাহায্য করল। এটি তার কোন গুণের পরিচয়?

ক. মানুষের সেবা   খ. গাড়োয়ানের কষ্ট দূর

গ. জীবে দয়া   ঘ. গাড়ির সমস্যা দূর

২৫) আমলনামা সম্পর্কে প্রকৃত ধারণা কোনটি?

ক. আচার আচরণের সমষ্টি   খ. সারা জীবনের কৃতকর্মের হিসাব

গ. ভাল কাজের হিসাব   ঘ. মন্দ কাজের হিসাব

২৬) মহানবী (স) এর প্রথম দুধমাতা কে ছিলেন?

ক. আমেনা   খ. হালিমা   গ. মরিয়ম   ঘ. সোয়েবা

২৭) কাদীরুন শব্দের অর্থ কী?

ক. সর্বশ্রোতা   খ. সর্বশক্তিমান   গ. সর্বশ্রোতা   ঘ. সৃষ্টিকর্তা

Copyright Md Shah Jamal

২৮) আখিরাত বা পরকালীন জীবনের গুরুত্বপূর্ণ স্তর কয়টি?
ক. চারটি　খ. পাঁচটি　গ. ছয়টি　ঘ. সাতটি

২৯) আলাহর কাছে পৃথিবীর সবচেয়ে প্রিয় স্থান কোনটি?
ক. মসজিদ　খ. ঈদগাহ　গ. মক্কা　ঘ. মদিনা

৩০) কোনটি মানুষকে দেশের সম্পদ রক্ষায় ও অপচয়রোধে উৎসাহিত করে?
ক. বন্ধুপ্রীতি　খ. আলাহপ্রীতি　গ. দেশপ্রেম　ঘ. নবিপ্রেম

৩১) কুরআন মজিদ শুদ্ধভাবে তেলাওয়াতের জন্য কী জানা প্রয়োজন?
ক. মাখরাজ　খ. তাজবীদ　গ. সিফাত　ঘ. মাদ্দ

৩২) মাটি ফুড়ে বের হওয়া স্বচ্ছ পানির ধারার নাম কী?
ক. যমযম কূপ　খ. রহমতের কূপ　গ. সুন্দর কূপ　ঘ. উত্তম কূপ

৩৩) রাসূলুলাহ (স) এর হিযরতের সময় তার সফর সঙ্গী কে ছিলেন?
ক. হযরত আলী (রা)　খ. হযরত উসমান (রা)
গ. হযরত উমর (রা)　ঘ. হযরত আবুবকর (রা)

৩৪) আশয়দাতা মুসলমানদের কী বলা হয়?
ক. আসহাব　খ. আনসার　গ. আসরাফ　ঘ. আহরাব

৩৫) কোনটি ইসলামের তৃতীয় রুকন?
ক. সালাত　খ. যাকাত　গ. সাওম　ঘ. হজ

৩৬) বাংলাদেশে মসজিদের সংখ্যা কত?
ক. এক লাখের অধিক　খ. দুই লাখের অধিক
গ. তিন লাখের অধিক　ঘ. চার লাখের অধিক

৩৭) কত খ্রিস্টাব্দে হুদায়বিয়ার সন্ধি হয়?
ক. ৬১৭খ্রিস্টাব্দে　খ. ৬২২খ্রিস্টাব্দে　গ. ৬২৪খ্রিস্টাব্দে　ঘ) ৬২৮খ্রিস্টাব্দে

৩৮) মদিনা সনদে কয়টি ধারা আছে?
ক. ৪০টি　খ. ৪৭টি　গ. ৫৭টি　ঘ. ৬০টি

৩৯) হযরত সুলায়মান (আ) কোন দেশের বাদশাহ ছিলেন?
ক. ইরাক　খ. আফগানিস্থান　গ. প্যালেস্টাইন　ঘ. ইয়েমেন

৪০) হযরত ইব্রাহিম (আ) এর পিতার নাম কী?
ক. আযম　খ. আজর　গ. হাতেম　ঘ. আমর

**২। শূণ্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখঃ**　১×১০=১০

ক) আমরা একমাত্র আলাহ তায়ালার --- করব।
খ) আরবি ভাষার শব্দ 'মিজান' মানে ---।
গ) --- মানে সংক্ষিপ্তকরণ।
ঘ) সিলামের দ্বিতীয় ওয়াজিব হলো ---।
ঙ) ঈদুল আযহার দ্বিতীয় রুকন হলো ---।
চ) সাওমকে ফারসি ভাষায় --- বলা হয়।
ছ) কুরআন মজিদ আলাহর ---।
জ) তাজবীদ এর শাব্দিক অর্থ --- সাজানো ও সুন্দর করা।
ঝ) আলাহর কোন --- নেই।
ঞ) হযরত নূহ (আ) এর নৌকা --- পাহাড়ে এসে থামল।

Copyright Md Shah Jamal

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখঃ ১×১০=১০

ক) মানুষ কার প্ররোচনায় পাপ করে?

খ) কিসের মাধ্যমে নিষ্পাপ হওয়া যায়?

গ) কোনটি মানুষের মুক্তি দেয়?

ঘ) কে একদিন পর পর সাওম পালন করতেন?

ঙ) বায়তুল মুকাদ্দাস কে নির্মাণ করেন?

চ) রিসালাত শব্দের অর্থ কী?

ছ) জামাতের সাথে সালাত আদায়কারীকে আল্লাহ কয়টি পুরস্কার দিবেন?

জ) ক্ষমা কার একটি বিশেষ গুণ?

ঝ) মন্দ কাজ বলতে কী বোঝ?

ঞ) কোন নবী পিতা ছাড়া জন্মগ্রহণ করেন?

৪। ক, খ ও গ নং প্রশ্ন সহ যে কোন ৮টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×৮=৪০

ক) মুসলিম হিসেবে তোমার চরিত্র কেমন হওয়া উচিত ১০টি বাক্যে লেখ।

খ) আমরা কীভাবে মানুষের সেবা করব ১০টি বাক্যে লেখ।

গ) সত্যবাদিতা সম্পর্কে বড়পীর আব্দুল কাদের জিলানী (র) এর জীবনের ঘটনা তোমার জীবনে প্রতিফলিত করে একটি ঘটনা ১০-১২টি বাক্যে লেখ।

ঘ) কিয়ামতের পূর্বে ঈসা (আ) এর পূনরায় দুনিয়াতে আগমন সম্পর্কে তুমি কীভাবে জানলে ১০টি বাক্যে লেখ।

ঙ) 'আল্লাহ সর্বশক্তিমান'- ১০টি বাক্যে ব্যাখ্যা কর।

চ) সালাতের আরকান বলতে কী বুঝ? আরকানগুলো কী কী?

ছ) মাখরাজ কাকে বলে? ২টি উদাহরণসহ লেখ।

জ) বদর যুদ্ধের ফলাফল ৫টি বাক্যে লেখ।

ঝ) হযরত ইব্রাহিম (আ) এর অগ্নিকুন্ডে নিক্ষেপের ঘটনা ১০টি বাক্যে লেখ।

ঞ) হযরত মুহম্মদ (স) এর জন্ম ও বংশ পরিচয় ১০টি বাক্যে লেখ।

Copyright Md Shah Jamal